**সকালের খবর ২১.০৩.১৭**

# গ্রামেও ঘর করতে ছাড়পত্র লাগবে

## মন্ত্রিসভায় আইনের খসড়া অনুমোদন

**নিজস্ব প্রতিবেদক ■**

শহরের পাশাপাশি গ্রামাঞ্চলেও বাড়িঘর নির্মাণ এবং যেকোনো উন্নয়ন কাজে ভূমি ব্যবহারের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের ছাড়পত্র নেওয়ার বাধ্যবাধকতা রেখে আইন করার প্রস্তাবে সম্মতি দিয়েছে মন্ত্রিসভা। এই নিয়ম না মানলে পাঁচ বছর কারাদণ্ডের সঙ্গে ৫০ লাখ টাকা জরিমানার বিধান রাখা হয়েছে প্রস্তাবিত আইনে।

গতকাল সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে 'নগর ও অঞ্চল পরিকল্পনা আইন, ২০১৭'-এর খসড়ায় নীতিগত অনুমোদন দেওয়া হয়।

সভা শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম সাংবাদিকদের বলেন, এটি অনেক দিনের প্রত্যাশিত আইন। ভূমি ব্যবস্থাপনায় যেন শৃঙ্খলা আসে সেজন্য এই আইন করা হচ্ছে। পরিকল্পিতভাবে যেন জমির ব্যবহার করা হয় সে জন্য আইনে অনেকগুলো প্রস্তাব আছে।

খসড়ায় গৃহায়ন ও গণপূর্তমন্ত্রীর নেতৃত্বে ২৭ সদস্যের একটি উচ্চ

এরপর পৃষ্ঠা ৯ : কলাম ৪